দৈনিক ইনকিলাব

তারিখ 24 JAN 2008
পৃষ্ঠা ১১ কলাম ৪

86 Report

# বেসরকারী শিক্ষকদের চাকরি জাতীয়করণ ও দক্ষতা নিরূপণ পরীক্ষা বাতিল দাবী

**স্টাফ রিপোর্টার :** বাংলাদেশ বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতি চাকেরি জাতীয়করণ ও শিক্ষকদের দক্ষতা নিরূপণ পরীক্ষা বাতিলের দাবীতে মাসব্যাপী আন্দোলন কর্মসূচী ঘোষণা করেছে। গতকাল (বুধবার) রাজধানীর তোপখানা রোডস্থ সংগঠন কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে শিক্ষক নেতৃবৃন্দ এ দাবী জানান।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সমিতির সভাপতি মোহাম্মদ সামসুল আলম। এ সময় মৃগেন্দ্র মোহন সাহা, মো. ইউনুস আলী, আবুল কালাম আজাদ, সাইফুল ইসলাম, আব্দুল জব্বারসহ শিক্ষক নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

সংবাদ সম্মেলনে জানানো হয়, বিগত ১৪ বছর বেসরকারী প্রাথমিক শিক্ষকরা চাকরি জাতীয়করণের একদফা দাবীতে আন্দোলন করে আসছে। গত সরকারগুলো জাতীয়করণের দাবী বাস্তবায়নের আশ্বাস দিয়েও শেষ পর্যন্ত বাস্তবায়ন করেনি। শিক্ষক নেতৃবৃন্দ চাকরি জাতীয়করণের লক্ষ্যে ২০০৭-০৮ অর্থবছরের বাজেটে প্রয়োজনীয় অর্থ বরাদ্দসহ পরিকল্পনা গ্রহণের দাবী জানিয়ে ১ থেকে ২৮ ফেব্রুয়ারী পর্যন্ত প্রত্যেক উপজেলা নির্বাহী কর্মকর্তার মাধ্যমে সমিতির উপজেলা নেতৃবৃন্দ প্রধান উপদেষ্টা এবং প্রাথমিক ও গণশিক্ষা উপদেষ্টার কাছে স্মারকলিপি প্রদান করবেন। একই সঙ্গে দক্ষতা নিরূপণ পরীক্ষা বাতিলের দাবীতে সব শিক্ষক-শিক্ষিকা বিদ্যালয় চলাকালীন মাসব্যাপী কালোব্যাজ ধারণ করবেন।